দৈনিক ইত্তেফাক

# কারমাইকেল কলেজে সব সংগঠনের কর্মকাণ্ড ৬ মাসের জন্য নিষিদ্ধ

## শিবিরের বাধায় জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকী অনুষ্ঠান বাতিল : শিক্ষার্থীদের প্রতিবাদ

॥ রংপুর সংবাদদাতা ॥

রংপুর কারমাইকেল কলেজ ক্যাম্পাসে ছাত্র, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সব ধরে সাংগঠনিক কর্মকাণ্ড আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত নিষিদ্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। গতকাল শনিব কলেজের শিক্ষক পরিষদের জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর আগে ছাত্রশিবিরের বাধ শহীদ জননী জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকী অনুষ্ঠান বাতিল হওয়ার মুখে কালো কাপড় বেঁ মানব-বন্ধন ও মৌন মিছিল করেছে শিক্ষার্থীরা। (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

(১৬শ পৃঃ পর)

সূত্র জানায়, কলেজে একই সময়ে শহীদ জননী জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকী পালন এবং ছাত্র-শিবিরের পলাশী দিবস উদযাপনকে কেন্দ্র করে বড় ধরনের সংঘর্ষ ও নাশকতার আশংকায় কলেজ কর্তৃপক্ষ কাউকেই অনুষ্ঠান করতে দেয়নি। পরে কলেজের শিক্ষক পরিষদের জরুরি সভায় সাংগঠনিক কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণাসহ উচ্চারণ সাহিত্য ও সাংস্কৃতিক সংসদ, বাঁধন, স্পন্দন, কানসার্স ও রিপোর্টার্স ক্লাবসহ সকল সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে আগামী ৭ দিনের মধ্যে দখল নেয়া কলেজের কক্ষ ছেড়ে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

এদিকে শিবিরের অপতৎপরতায় কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নেয়ার পরও গতকাল শনিবার শহীদ জননী জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকী পালন করতে না পারায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা মুখে কালো কাপড় বেঁধে ক্যাম্পাসে মানববন্ধন ও মৌনমিছিল করে। পরে কর্তৃপক্ষের সিদ্ধান্তে অনুষ্ঠান বাতিল হওয়ার প্রতিবাদ জানিয়ে শহীদ জননী জাহানারা ইমামের মৃত্যুদিবস উদযাপন পরিষদ সংবাদ সম্মেলনের আয়োজন করে। জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকী পালনের অনুষ্ঠানে যারা উপস্থিত থাকবে পুলিশ তাদের গ্রেফতারের হুমকি দিয়েছে বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়।

এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ ড. দীপকেন্দ্রনাথ দাস বড় ধরনের সংঘর্ষ ও নাশকতা এড়াতে জাহানারা ইমামের মৃত্যুবার্ষিকীর অনুষ্ঠান বাতিল করায় জাতির কাছে ক্ষমা চেয়ে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছেন। কোতয়ালী থানার ওসি আলী আহমেদ হাসমী জানান, জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের অনুমতি না নিয়েই অনুষ্ঠান করার প্রস্তুতি নেয়ায় পুলিশ আইন অনুযায়ী আয়োজকদের বাধা দেয়। এ সময় কাউকেই কোন প্রকার হুমকি-ধমকি দেয়া হয়নি বলেও তিনি দাবি করেন। এ ব্যাপারে ছাত্রশিবির কারমাইকেল কলেজ শাখার একটি সূত্র তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে জানায়,